13

দৈনিক ইত্তেফাক

তারিখ ··· 14 DEC 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

## পরীক্ষা পিছানোর দাবীতে বিক্ষোভ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চলতি বছরের অনার্স ও মাষ্টার্স পরীক্ষা পিছাইবার দাবীতে গতকাল (মঙ্গলবার) অনার্স ও মাষ্টার্সের ছাত্র-ছাত্রীরা

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## পরীক্ষা পিছানোর

(১ম পৃ: পর)

ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল শেষে ভিসি ও বিভিন্ন অনুষদের ডীনের নিকট স্মারকলিপি পেশ করে।

স্মারকলিপিতে বলা হয় বিভিন্ন বিভাগের ইনকোর্স ও টিউটোরিয়াল পরীক্ষা শেষ না হইতেই কর্তৃপক্ষ জানুয়ারীর দ্বিতীয় সপ্তাহ হইতে চূড়ান্ত পরীক্ষার সময়সূচী ঘোষণা করিয়াছে। ইহাছাড়া, সময়সূচীতে রমজান মাসে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত ছাত্র-ছাত্রীদের জন্য কষ্ট সাধ্য হইবে।